

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৫, ২০১৯

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০৮.১৯.০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী রুলস অব বিজনেস, ১৯৯৬-এর রুল ৩বি(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে অদ্য ২৪ পৌষ ১৪২৫/০৭ জানুয়ারি ২০১৯ তারিখে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগপূর্বক তাঁদেরকে তাঁদের নামের পাশে উল্লেখকৃত দায়িত্ব অর্পণ করেছেন:

- ১) জনাব এইচ টি ইমাম, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা;
- ২) ড. মসিউর রহমান, প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা;
- ৩) ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম, প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা;
- ৪) ড. গওহর রিজভী, প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা; এবং
- ৫) মেজর জেনারেল (অবঃ) তারিক আহমেদ সিদ্দিক, প্রধানমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা।

২। উপদেষ্টা পদে অধিষ্ঠিত থাকাকালীন তাঁরা মন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(২৫৭)

মূল্য : টাকা ৪.০০